



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: Answer Work Sheet-2

Class: 4



Subject: Bengali Grammar: (অনুচ্ছেদ)

Date: 3/07/2020

বর্ষাকাল

চৈত্র-বৈশাখের কাঠফাটা রোদে পৃথিবী যখন উত্তপ্ত, জলের অভাবে মাঠ ঘাট শুকনো তখন বর্ষার বৃষ্টি ঈশ্বরের আশীর্বাদ স্বরূপ নেমে আসে পৃথিবীর উপরে। সাধারণত আষাঢ় ও শ্রাবণ মাস হলো বর্ষাকাল। এই সময়ে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর প্রভাবেই বৃষ্টি হয়। বর্ষার প্রকৃতির রূপ অনবদ্য। কখনোও গোটা আকাশ কালো মেঘে ঢেকে যায়, আকাশ থেকে সূর্যদেব উধাও হন। কখনও সকালেই নেমে আসে সন্ধ্যার অন্ধকার। কখনও বৃষ্টি হয় মুষলধারে কখনোও বৃষ্টি পড়ে টিপটিপ করে। গাছগুলি সজীব ও সুন্দর হয়ে ওঠে। প্রকৃতি সবুজ রঙে মেতে ওঠে। নদী, পুকুর, মাঠ জলে টইটুম্বুর হয়ে যায়। মাছেরা আনন্দে সাঁতারে ব্যস্ত। এই সময় কৃষিকার্য ভালো হয়। বৃষ্টির জল মাটির গভীরে গিয়ে সঞ্চিত হয় যা আমাদের ভবিষ্যতের পানীয় জল হিসাবে সঞ্চিত থাকে। অতি বৃষ্টি অনেক সময় বন্যার সম্ভাবনা দেখা দেয়। মানুষ, পশুপাখির অসুবিধা হয়। কয়েকটি জলবাহিত রোগ এই সময় দেখা যায়। অসুবিধা সত্ত্বেও বর্ষা আমাদের জীবনে আশীর্বাদ স্বরূপ।

Manashi Chaudhuri